'কৃষিই সমৃদ্ধি'

Government of the People's Republic of Bangladesh
Project Implementation Unit (PIU)
National Agricultural Technology Programe- Phase II Project (NATP-2)
Department of Agricultural Extension (DAE)
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম- ফেজ II
প্রজেক্ট (এনএটিপি-২)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

# বিজ্ঞপ্তি

নং: ১২.০১.০০০০.০০০.৩৬.১৪৫.১৮- ২২৬৭ (৮৫৫)

তারিখ: ৩০ অক্টোবর ২০১৮ খ্রিঃ

**বিষয়: এআইএফ-৩ (এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩) প্রতিযোগিতামূলক ম্যাচিং গ্রান্ট বিতরণের লক্ষ্যে উপ-প্রকল্প প্রস্তাব আহ্বান।**

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। |
| ২ | সার্বিক ব্যবস্থাপনা ও পরিচালনা | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পিআইইউ-এনএটিপি২-ডিএই), ১ম বিল্ডিং, ৬ষ্ঠ তলা, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| ৩ | উপ-প্রকল্প | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট- উপ-প্রকল্প। |
| ৪ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প পরিচিতি ও উদ্দেশ্য | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উদ্ভাবনীমূলক, অংশীদারিত্বমূলক এবং অফেরতযোগ্য একটি তহবিল। এটি ক্ষুদ্র কৃষকদের বাজার প্রবেশাধিকার সহজীকরণের লক্ষ্যে এগ্রি-বিজনেস উদ্যোক্তাদের ক্রমবিকাশে ভূমিকা পালন করবে এবং গ্রামীণ উদ্যোক্তা ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের পুঁজি বা সম্পদ বৃদ্ধির মাধ্যমে সাপ্লাই চেইন এক্টরদের সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক হবে। এনএটিপি-২ প্রকল্প এলাকায় সিআইজি, প্রডিউসার অর্গানাইজেশন (পিও) এবং এগ্রি-বিজনেস উদ্যোক্তাদেরকে প্রতিযোগিতার ভিত্তিতে এ গ্রান্ট প্রদান করা হবে।<br>এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের মূল উদ্দেশ্য নিম্নরূপ:<br>• স্মল হোল্ডার/ক্ষুদ্র কৃষকদের বাজার কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা;<br>• সিআইজি, নন-সিআইজি, প্রডিউসার অর্গানাইজেশন (পিও) এবং এগ্রি-বিজনেস উদ্যোক্তাগণের মাঝে অংশীদারিত্ব স্থাপন করা;<br>• কৃষি সেবা প্রদানকারীগণের (SAAO, CEAL, LEAF, etc.) সক্ষমতা বৃদ্ধি করা। |
| ৫ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট প্রতিযোগিতায় যোগ্য অংশগ্রহণকারী | সিআইজি উদ্যোক্তা, প্রডিউসার অর্গানাইজেশন (পিও) উদ্যোক্তা, গ্রামীণ প্রাইভেট সেক্টর এগ্রি-বিজনেস উদ্যোক্তা, গ্রামীণ নারী উদ্যোক্তা, সেবা প্রদানকারী যেমন-CEAL, LEAF উদ্যোক্তা, ইত্যাদি। |
| ৬ | যোগ্যতার মানদন্ড/মাপকাঠি | • এগ্রি-বিজনেস কার্যক্রমে অবশ্যই বৈধ ও হালনাগাদ ট্রেড লাইসেন্স/রেজিস্ট্রেশন প্রাপ্ত হতে হবে;<br>• প্রতিষ্ঠিত অফিস/ব্যবসা প্রতিষ্ঠান থাকতে হবে;<br>• গ্রামীণ প্রাইভেট সেক্টর এগ্রি-বিজনেস উদ্যোক্তার ক্ষেত্রে ৩ (তিন) বছর, অন্যান্য গ্রামীণ উদ্যোক্তার ক্ষেত্রে ২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে;<br>• প্রতিষ্ঠানের নামে নিয়মিতভাবে পরিচালিত ব্যাংক একাউন্টে প্রস্তাবিত উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৫০% অর্থ জমা থাকতে হবে;<br>• উৎপাদিত কৃষিজ পণ্যাদি/উপকরণ কেনা-বেচার বার্ষিক পরিমাণ ও টার্ন-ওভার। |
| ৭ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের পরিমাণ | উপ-প্রকল্পের সর্বনিম্ন ব্যয় ১১ লক্ষ ৬২ হাজার টাকার মধ্যে সর্বোচ্চ ৫০% অর্থাৎ সর্বোচ্চ ৫ লক্ষ ৮১ হাজার টাকা। |
| ৮ | উদ্যোক্তা অংশের শেয়ার | উপ-প্রকল্প ব্যয়ের ৫০% হিসেবে সর্বনিম্ন ৫ লক্ষ ৮১ হাজার টাকা, তবে কোন সক্ষম উদ্যোক্তা ৫ লক্ষ ৮১ হাজার টাকার অধিকও বিনিয়োগ করতে পারবেন। |
| ৯ | প্রযোজ্য শর্তাবলী/ নীতিমালা | • উপজেলা পর্যায়ে ব্যবসায় করেন জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের এমন এগ্রি-বিজনেস উদ্যোক্তাসহ উপজেলাস্থ সকল ধরনের গ্রামীণ এগ্রি-বিজনেস উদ্যোক্তা সংশ্লিষ্ট উপজেলায় উপ-প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন;<br>• কোনও উদ্যোক্তার একটি মাত্র উপ-প্রকল্প প্রস্তাব এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের জন্য প্রযোজ্য হবে;<br>• আবেদনকারী উদ্যোক্তাগণের এলাকার কৃষকদের সাথে বাজার যোগসূত্র থাকতে হবে;<br>• যে সকল উপ-প্রকল্প প্রস্তাবনা কৃষির উৎপাদনশীলতা ও কৃষকের আয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং স্বয়ংক্রিয়ভাবে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থার দিকে এগিয়ে যেতে সক্ষম বলে প্রতীয়মান হবে সে সকল প্রস্তাবনার অনুকূলে ম্যাচিং গ্রান্ট মঞ্জুর করা হবে;<br>• প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট বিতরণ করা হবে;<br>• গ্রান্ট গ্রহণকারী উদ্যোক্তা কর্তৃক প্রদেয় নগদ অর্থের পরিপূরক ও আংশিক হিসেবে এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট প্রদান করা হবে;<br>• অপারেটিং, রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য পৌনঃপুনিক ব্যয় (recurrent cost) ম্যাচিং গ্রান্ট হতে প্রদান করা হবে না;<br>• মোট উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৫০% অর্থ উদ্যোক্তার ব্যাংক একাউন্টে নিয়মিত সঞ্চয় হিসেবে থাকতে হবে;<br>• উপ-প্রকল্প গ্রান্টের ব্যয় সংক্রান্ত সকল রেকর্ড-পত্রাদি হিসাব পদ্ধতির যথাযথ বিধি-বিধান অনুসরণপূর্বক সম্পন্ন ও সংরক্ষণ করতে হবে; |

| | | |
|---|---|---|
| | | • যে সকল উপ-প্রকল্প প্রস্তাব সামাজিক ও পরিবেশ সুরক্ষায় নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে সে সকল প্রস্তাবনার অনুকূলে এআইএফ-৩ ম্যাচি গ্রান্ট মঞ্জুর করা হবে না;<br>• যাচাই, বাছাই ও মূল্যায়নের মাধ্যমে কেবল অনুমোদিত উপ-প্রকল্পসমূহকে গ্রান্ট সহায়তা প্রদান করা হবে;<br>• গ্রান্টের জন্য নির্বাচিত গ্রামীণ উদ্যোক্তা-কে প্রকল্প আরোপিত শর্তাবলির আলোকে প্রস্তুতকৃত অঙ্গীকারনামায় স্বাক্ষর করতে হবে;<br>• প্রকল্প নির্ধারিত ছকে উপ-প্রকল্প প্রস্তুতপূর্বক অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত নির্দিষ্ট তারিখের মধ্যে স্থানীয় উপজেলা কৃষি অফিসে দাখিল করতে হবে। |
| ১০ | এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট অর্থায়নের সম্ভাব্য ক্ষেত্র | উদ্ভাবনীমূলক প্রযুক্তি/ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি/এগ্রো-প্রসেসিং বা কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণ/কৃষি বাণিজ্যিকীকরণ/ইত্যাদি। (বিস্তারিত সংযুক্ত) |
| ১১ | উপ-প্রকল্প প্রস্তুত ও বাস্তবায়নে সহায়তা | উপ-সহকারী কৃষি কর্মকর্তা (এসএএও) সহ ডিএই এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ ও হর্টেক্স ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ। |
| ১২ | পরিবীক্ষণ ও মূল্যায়ন | প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ডিএই এর কর্মকর্তাবৃন্দ, স্বতন্ত্র বৈশিষ্ট্যধর্মী নিরপেক্ষ ফার্ম ও কমিশন কর্তৃক উপ-প্রকল্পের কার্যাদি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে। |
| ১৩ | উপ-প্রকল্প ছক, নীতিমালা ও সংশ্লিষ্ট ডকুমেন্টের প্রাপ্তিস্থান | স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট এসএএও/ফিয়াক থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১৪ | এআইএফ-৩ উপ-প্রকল্প দাখিলের সময়সীমা | **ক) উদ্যোক্তা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে উপ-প্রকল্প দাখিলের সর্বশেষ তারিখ ১৭ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ, অফিস চলাকালীন সময়।** |
| | | **খ) উপজেলা কৃষি অফিস কর্তৃক পিআইইউ-এনএটিপি২-ডিএই-তে দাখিল ১০ জানুয়ারি ২০১৯ খ্রিঃ।** |

**সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্য স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে জানা/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি: বিজ্ঞপ্তির ক্রমিক নং ১০ এর বর্ণনামতে ১ (এক) পাতা।

(ড. রতন চন্দ্র দে)
পরিচালক

কার্যার্থে:

উপজেলা কৃষি কর্মকর্তা, .......................................... উপজেলা, .................................. জেলা (২৭০)।

**এআইএফ-৩ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত ও বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট সকল পর্যায়ে বহুল প্রচারণাসহ বিশেষ কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো এবং দাখিলকৃত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ যাচাইয়ান্তে যোগ্যতাসম্পন্ন উপ-প্রকল্পসমূহ ১০ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল ডকুমেন্টসহ অত্র প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত:

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ২২-মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক, ........................................................................................অঞ্চল (১৪)।
৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ......................................................................জেলা (৫৭)।
৯. উপপরিচালক (আইসিটি); পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। ডিএই ওয়েব-সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত।
১০. সহকারী আইসিটি বিশেষজ্ঞ, পিআইইউ-এনএটিপি২-ডিএই, খামারবাড়ি, ঢাকা। পিআইইউ-এনএটিপি২-ডিএই এর ওয়েব-সাইটে প্রচারের নিমিত্ত।
১১. জনাব ..............................................................................................................
এডি (পিএফএমও)/ ডিডি (ওএমই)/ এডিডি (এফএমপি), পিআইইউ- এনএটিপি ২-ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।

Room no. 618, 5th Floor, Building No. 1, Khamarbari, Farmgate, Dhaka-1215.
Telephone: 880-2-58155613, PABX: 8143541, 8144435, 8144345, Fax: 880-2-8158345, Extn-102
E-mail: ratanbtech@yahoo.co.uk

## এআইএফ-৩ ম্যাচিং গ্রান্টের বিতরণের সম্ভাব্য ক্ষেত্রসমূহ

| ক্র/নং | Technological areas (প্রযুক্তিগত পরিমন্ডল) | Production subsectors (উৎপাদন সাব-সেক্টর) |
|---|---|---|
| ১ | Innovative technology (উদ্ভাবনীমূলক প্রযুক্তি) | ▪ Transport and packaging support to promote contract farming between CIG/POs and supermarkets, exporters and processors (সিআইজি/পিও এবং সুপার মার্কেট, রপ্তানিকারক ও প্রক্রিয়াকারীগণের মাঝে কন্ট্রাক্ট ফার্মিং (চুক্তিভিত্তিক খামার কার্য) উৎসাহিতকরণের জন্য পরিবহণ ও প্যাকেজিং সহায়তা প্রদান)<br>▪ Support to precision agriculture: net house and green house facility, hydroponic and organic farming facility, mushroom facility etc. (নিয়মনিষ্ঠাসম্পন্ন কৃষি কার্যে সহায়তা প্রদান: নেট হাউজ ও গ্রীন হাউজের সুযোগ-সুবিধা, হাইড্রোপোনিক ও জৈব কৃষি কার্যের সুযোগ-সুবিধা, মাশরুম চাষের সুযোগ-সুবিধা, ইত্যাদি)<br>▪ Any other innovative technologies (উদ্ভাবনীমূলক অন্য কোন প্রযুক্তি) |
| ২ | Post harvest technology (সংগ্রহোত্তর প্রযুক্তি) | ▪ Establishment of commodity collection point with packaging, grading and washing facilities (প্যাকেজিং, গ্রেডিং এবং ধৌতকরণের সুযোগ-সুবিধাসহ কৃষি পণ্যাদির সংগ্রহ শালা স্থাপন)<br>▪ Sorting, grading, storing, packaging equipment and shed facilities (বাছাই, গ্রেডিং, গুদামজাতকরণ, প্যাকেজিং সরঞ্জাম এবং চালা নির্মাণের সুযোগ-সুবিধা)<br>▪ Cool/cold room storage facilities (গুদামজাতকরণের জন্য শীতল/ঠান্ডা কক্ষের সুযোগ-সুবিধা)<br>▪ Packaging materials/cartons/crates etc. (প্যাকেজিং এর উপকরণ/কার্টুন/ক্রেটস্ ইত্যাদি)<br>▪ Modified atmosphere packaging (MAP) equipment for fruits and vegetable packaging [ফল ও সব্জি প্যাকেজিং এর জন্য পরিবর্তিত পরিবেশ (বায়ুমন্ডল) উপযোগী প্যাকেজিং সরঞ্জামাদি]<br>▪ Machineries/equipment for banana ripening chamber, solar drier, hot water treatment facility etc. (কলা পাকানোর কুঠরি, সোলার ড্রায়ার, গরম পানি ট্রিটম্যান্টের সুযোগ-সুবিধা, ইত্যাদির জন্য যন্ত্রপাতি/সরঞ্জাম)<br>▪ Any other innovative technologies (উদ্ভাবনীমূলক অন্য কোন প্রযুক্তি) |